**ধীলার্ন অ্যাকাডেমি মক টেস্ট ১ ● মাধ্যমিক ২০২৫**

## বাংলা -প্রথম ভাষা

(নতুন পাঠ্যসূচি)

(কেবলমাত্র দশম শ্রেণির পাঠ্যসূচি অনুযায়ী)

সময় - ৩ ঘন্টা ১৫ মিনিট

(প্রথম ১৫ মিনিট শুধু মাত্র প্রশ্নপত্র পড়ার জন্য এবং বাকি ৩ ঘন্টা উত্তর লেখার জন্য)

[নিয়মিত পরীক্ষার্থীদের জন্য, পূর্ণমান - ৯০]

**১. সঠিক উত্তরটি নির্বাচন করো :** **১৭×১=১৭**

১.১ "শুধু এইটাই জানা ছিলনা" - অজানা বিষয়টি হল-

(ক) মেসো একজন লেখক (খ) সে গল্প লিখতে পারে

(গ) তার গল্প ছাপা হবে (ঘ) মানুষই গল্প লেখে

১.২ "আয় আরো বেঁধে বেঁধে থাকি।" - বাক্যাংশটি কবিতায় ক'বার ব্যবহৃত হয়েছে?

(ক) একবার (খ) দু'বার

(গ) তিনবার (ঘ) চারবার

১.৩ হরিদার শীর্ণ শরীরটা দেখে মনে হয়েছিল

(ক) মহাপুরুষ (খ) বহুরূপী

(গ) অশরীরী (ঘ) অতিমানব

১.৪ পাবলো নেরুদা নোবেল পুরস্কার পেয়েছেন

(ক) ১৯৭০ সালে (খ) ১৯৭১ সালে

(গ) ১৯৭২ সালে (ঘ) ১৯৭৩ সালে

১.৫ "তোমার চিন্তা নেই ঠাকুর" - 'ঠাকুর' বলতে বোঝানো হয়েছে-

(ক) সব্যসাচী (খ) নিমাইবাবু

(গ) তেওয়ারি (ঘ) তলওয়ারকর

১.৬ "হৈমপাখা বিস্তারিয়া যেন / উড়িলা" - যার কথা বলা হয়েছে-

(ক) মেঘবর্ণ রথ (খ) মৈনাক - শৈল

(গ) হৈমবতীসুত (ঘ) বৃহন্নলা রূপী করীটি

১.৭ "পিঙ্গল তার এস্ত জটায়।" - 'পিঙ্গল' শব্দের অর্থ-

(ক) পীতবর্ণ (খ) হরিৎ আভাযুক্ত রক্তবর্ণ

(গ) রক্তবর্ণ (ঘ) পীত আভাযুক্ত ঈষৎ রক্তবর্ণ

১.৮ "বাষ্পাকুল অরণ্যপথে"- অরণ্যপথ বাষ্পাকুল হওয়ার কারণ হ'ল-

(ক) অত্যাচারীর ক্রন্দন (খ) আফ্রিকার ভাষাহীন কান্না

(গ) দুর্গমের রহস্য (ঘ) দৃষ্টি-অতীত জাদু

১.৯ লিপিকরদের ডেকে পুথি নকল করতেন -

(ক) জমিদাররা (খ) ধনবানরা

(গ) সাধারণ গৃহস্থরা (ঘ) রাজারা

১.১০ উনিশ শতকে বত্রিশ হাজার অক্ষর লেখানো যেত -

(ক) দশ আনায় (খ) বারো আনায়

(গ) পনেরো আনায় (ঘ) ষোলো আনায়

১.১১ সাহায্য গ্রহীতা কারক হল-

(ক) অপাদান ও অধিকরণ (খ) নিমিত্ত ও করণ

(গ) কর্তৃ ও নিমিত্ত (ঘ) কর্ম ও কর্তৃ

১.১২ মায়েঝিয়ে ঝগড়া করে। - রেখাঙ্কিত পদটি হল-

(ক) সহযোগী কর্তা (খ) ব্যতিহার কর্তা

(গ) অনুক্ত কর্তা (ঘ) প্রযোজ্য কর্তা

১.১৩ বিভক্তি কখনোই লোপ পায় না-

(ক) অধিকরণ কারকে (খ) করণ কারকে

(গ) অপাদান কারকে (ঘ) সম্বন্ধ পদে

১.১৪ ক্রিয়ার বিপরীত প্রতিক্রিয়া - এটি কোন সমাসের বৈশিষ্ট্য ?

(ক) নিত্য সমাস (খ) কর্মধারয় সমাস

(গ) অব্যয়ীভাব সমাস (ঘ) তৎপুরুষ সমাস

১.১৫ একশেষ দ্বন্দ্বের সমস্তপদটি-

(ক) বিশেষণের বহুবচন (খ) বিশেষ্যের বহুবচন

(গ) সর্বনামের বহুবচন (ঘ) কোনোটিই নয়।

১.১৬. কোনটি নিত্যসমাস নয়?

(ক) গ্রামান্তর (খ) যুগান্তর

(গ) ভাষান্তর (ঘ) তেপান্তর

১.১৭ কোনটি কর্মকর্তৃবাচ্যের দৃষ্টান্ত নয়? -

(ক) বৃষ্টি পড়ে (খ) শাঁখ বাজে

(গ) পণ্ডিতে বলে (ঘ) ট্রেন চলে



**২) কম বেশি ২০টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাওঃ ১×১৯ = ১৯**

**২.১. যে-কোনো ৪টি প্রশ্নের উত্তর দাওঃ ১×৪ = ৪**

২.১.১ "তবে এ বস্তুটি পকেটে কেন?" -কোন বস্তুটি পকেটে ছিল?

২.১.২ "হরিদার জীবন এই রকম বহু রূপের খেলা দেখিয়েই একরকম চলে যাচ্ছে।" - কীরকম খেলা দেখিয়ে হরিদার জীবন চলে যাচ্ছে?

২.১.৩ "একটু 'কারেকশন' ইয়ে করে দিলে ছাপাতে দেওয়া চলে।" - কে, কী ছাপানোর কথা বলেছেন?

২.১.৪ "অদল বদল" গল্পটি কে বাংলায় তরজমা করেছেন?

২.১.৫ "নদেরচাঁদ সব বোঝে" - নদেরচাঁদ কী বোঝে?

**২.২ যে-কোনো ৪টি প্রশ্নের উত্তর দাওঃ ১×৪ = ৪**

২.২.১ "শিশু আর বাড়িরা খুন হলো" -'শিশু আর বাড়িরা' খুন হয়েছিল কেন?

২.২.২ "এসো যুগান্তের কবি" -কবির ভূমিকাটি কী হবে?

২.২.৩ "কে কবে শুনেছে পুত্র, ভাসে শিলা জলে"-বক্তার এমন মন্তব্যের কারণ কী?

২.২.৪ "ওরে ওই স্তব্ধ চরাচর।" -'চরাচর' স্তব্ধ কেন?

২.২.৫ "রক্ত মুছি শুধু গানের গায়ে" -কথাটির অর্থ কী?

**২.৩ যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দাওঃ ১×৩ = ৩**

২.৩.১ "হারিয়ে যাওয়া কলি কলম"-এ বর্ণিত সবচেয়ে দামী-দামি কলমটির দাম যত?

২.৩.২ দুজন সাহিত্যিকের নাম করো যাঁদের নেশা ছিল ফাউন্টেন পেন সংগ্রহ করা।

২.৩.৩ "আমাদের আলংকারিকগণ শব্দের ত্রিবিধ কথা বলেছেন"-'শব্দের ত্রিবিধ' কথা কী?

২.৩.৪ পরিভাষার উদ্দেশ্য কী?

**২.৪ যে-কোনো ৮ টি প্রশ্নের উত্তর দাওঃ ১×৮ = ৮**

২.৪.১ "শূন্য বিভক্তি" কাকে বলে?

২.৪.২ প্রযোজ্য কর্তা কাকে বলে?

২.৪.৩ 'অস্ত্র রাখো' - নিম্নরেখ পদটির কারক ও বিভক্তি নির্ণয় করো।

২.৪.৪ 'চরণ কমলের ন্যায়' - ব্যাসবাক্যটি সমাসবদ্ধ করে সমাসের নাম লেখো।

২.৪.৫ অলোপ সমাস কী?

২.৪.৬ সমস্যমান পদ বলতে কী বোঝ?

২.৪.৭ কর্মকর্তৃবাচ্য কাকে বলে?

২.৪.৮ সে তখন যেতে পারবে না- হ্যাঁ-বাচক বাক্যে পরিবর্তন করো।

২.৪.৯ ‘তারা আর স্বপ্ন দেখতে পারল না।’ -ভাববাচ্যে পরিবর্তন করো।

২.৪.১০ ‘সকলে খেলছে’ - এই বাক্যটির উদ্দেশ্য ও বিধেয়ের সম্প্রসারণ ঘটাও।

**৩) প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০ টি শব্দে উত্তর দাওঃ ৩+৩=৬**

**৩.১ যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও। ৩×১=৩**

৩.১.১ “বাবা-ই একদিন এঁর চাকরি করে দিয়েছিলেন।” - বক্তা কে? তাঁর বাবা কাকে, কী চাকরি করে দিয়েছিলেন? ১+২

৩.১.২ “কী অদ্ভুত কথা বললেন হরিদা!” হরিদা কে? তার কোন্ কথাকে, কেন ‘অদ্ভুত’ বলা হয়েছে? ১+২

**৩.২ যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ৩×১=৩**

৩.২.১ “আসছে নবীন জীবনহারা অ-সুন্দরে করতে ছেদন!” -উদ্ধৃতিটির তাৎপর্য লেখো। ৩

৩.২.২ “জিজ্ঞাসিলা মহাবাহু বিস্ময় মানিয়া” - কাকে 'মহাবাহু' বলা হয়েছে? তার বিস্ময়ের কারণ কী? ১+২

**৪) কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ৫×১=৫**

৪.১ “নিজের এই পাগলামিতে যেন আনন্দই উপভোগ করে।” - কার ‘পাগলামির’ কথা বলা হয়েছে? তার পাগলামির পরিচয় দাও। ১+৪

৪.২ “ও আমাকে শিখিয়েছে, খাঁটি জিনিস কাকে বলে।” - কে, কাকে শিখিয়েছে? ‘খাঁটি জিনিস’ বলতে কী বোঝানো হয়েছে? ২+৩

**৫) কম-বেশি ১৫০ শব্দে মে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ৫×১=৫**

৫.১ “হায় ছায়াবৃতা।” – ‘ছায়াবৃতা’ বলার কারণ কী? তার সম্পর্কে কবি কী বলেছেন, তা সংক্ষেপে লেখো। ১+৪

৫.২ “যেখানে ছিল শহর / সেখানে ছড়িয়ে রইল কাঠকয়লা,” - ‘অসুখী একজন’ কবিতা অবলম্বনে শহরের এই পরিণতি কীভাবে হল, লেখো। ৫

**৬) কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও। ৫×১=৫**

৬.১ “আশ্চর্য, সবই আজ অবলুপ্তির পথে ।” -কোন জিনিস আজ অবলুপ্তির পথে? এই অবলুপ্তির কারণ কী? এ বিষয়ে লেখকের মতামত কী? ১+১+৩

৬.২ “আমাদের আলংকারিকগণ শব্দের ত্রিবিধ কথা বলেছেন।" - ‘শব্দের ত্রিবিধ কথা’ কী? ‘বাংলা ভাষায় বিজ্ঞান’ প্রবন্ধে ‘ত্রিবিধ কথা’র প্রসঙ্গ এসেছে কেন? ১+৪



**৭) কমবেশি ১২৫ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও। ৪×১=৪**

৭.১ “মুন্সিজি,এই পত্রের মর্ম সভাসদদের বুঝিয়ে দিন।”
- কে, কাকে পত্র লিখেছিলেন? এই পত্রে কী লেখা ছিল? ১+৩

৭.২ “জাতির সৌভাগ্য-সূর্য আজ অস্তাচলগামী” - কোন জাতির কথা উদ্ধৃতাংশে বলা হয়েছে? তার সৌভাগ্য-সূর্য- অস্তাচলগামী কেন? ১+৩

**৮) কম-বেশি ১৫০ শব্দে যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০**

৮.১ “পারতেই হবে, পারতেই হবে। কোন কথা শুনবো না।” -প্রশিক্ষক ক্ষিতীশের একরোখা জেদ কীভাবে কোনিকে সাফল্যের শীর্ষে পৌঁছে দিয়েছিল, তা সংক্ষেপে আলোচনা করো। ৫

৮.২ “হঠাৎ তার চোখে ভেসে উঠল ‘৭০’ সংখ্যাটা।” - প্রসঙ্গ উল্লেখ করো। উদ্দিষ্ট ব্যক্তির কাছে ‘৭০’ সংখ্যার তাৎপর্য ব্যাখ্যা করো। ২+৩

৮.৩ "কোনি তুমি আনস্পোর্টিং” - কোন প্রসঙ্গে,কার উক্তি? কোনিকে ‘আনস্পোর্টিং’ বলার কারণ কী? ২+৩

**৯) চলিত গদ্যে বঙ্গানুবাদ করো: ৪**

We are Bengalees as we live eithers in West Bengal or in Bangladesh. The language we open our mind with is Bengali. But we are part of the human race spreading over the whole world. We must therefore remember that first of all, we are men, then we are Bengalees or Indians. Narrow nationalism is a disease that eats up our humanity.

**১০) কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও। ৫×১=৫**

১০.১ স্কুলে উপস্থিত থেকে পরীক্ষা (offline) না বাড়িতে বসে পরীক্ষা (Online) - কোনটি যুক্তিযুক্ত - এই বিষয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো।

১০.২ “প্লাস্টিক বর্জন আমাদেরই বাঁচাবে” -এই বিষয়ে সংবাদপত্রে একটি প্রতিবেদন রচনা করো।

**১১. কম-বেশি ৪০০ শব্দে যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো:**

১১.১ আধুনিক জীবনে বিজ্ঞান বনাম কুসংস্কার । ১০

১১.২ প্রাকৃতিক বিপর্যয়: সমস্যা ও প্রতিকার।

১১.৩ তোমার জীবনের একটি স্মরণীয় অভিজ্ঞতা।

১১.৪ একটি শহর বা গ্রামের আত্মকথা।